# বিরোধীদলীয় নেতার সঙ্গে চীনা রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ



বিরোধীদলীয় নেতার সঙ্গে চীনের রাষ্ট্রদূতের সাক্ষাৎ। ছবি: সংগৃহীত

সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। মঙ্গলবার (৩ মার্চ) বেলা ১১টায় রাজধানীর বসুন্ধরায় বিরোধীদলীয় নেতার কার্যালয়ে উষ্ণ ও আন্তরিক পরিবেশে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

বিরোধীদলীয় নেতা নির্বাচিত হওয়ায় ডা. শফিকুর রহমানকে অভিনন্দন জানান রাষ্ট্রদূত এবং তার দায়িত্ব পালনে সাফল্য কামনা করেন। আলোচনায় দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট নানা বিষয় উঠে আসে। উভয়পক্ষই আশা প্রকাশ করেন, ভবিষ্যতে বাংলাদেশ ও চীনের মধ্যে অর্থনীতি, বাণিজ্য, রাজনীতি ও কূটনৈতিক সম্পর্ক আরও সুদৃঢ় হবে এবং উন্নয়নমূলক সহযোগিতা বিস্তৃত হবে।

বৈঠকে চীনা দূতাবাসের উপপ্রধান ড. লিউ ইউইং, রাজনৈতিক শাখার পরিচালক ঝ্যাং জিং উপস্থিত ছিলেন। জামায়াতের পক্ষ থেকে দলটির সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য মিয়া গোলাম পরওয়ার এবং আমিরের পররাষ্ট্রবিষয়ক বিশেষ উপদেষ্টা ও সংসদ সদস্য ব্যারিস্টার মীর আহমেদ বিন কাসেম আরমান অংশ নেন।

LENS ASIA